মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে শেখ হাসিনা ও জেলা যুবলীগের পক্ষে শ্রদ্ধাঞ্জলি !

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে শহরের কলেজ মোড়স্থ স্মৃতিসৌধে বাংলাদেশ আওয়ামী লীগ সভানেত্রী ও সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মেহেরপুর জেলা যুবলীগের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়েছে।

ধারণা করা হচ্ছে রবিবার দিবাগত রাত ১২ টা থেকে ১ টার মধ্যে কলেজ মোড়স্থ স্মৃতিসৌধে এ শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে আওয়ামী ও যুবলীগের নেতাকর্মীরা। তবে কারা এ শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন তা জানা যায়নি।

শ্রদ্ধাঞ্জলি নিবেদনের পরপরই দুটি পুস্পমাল্যর কয়েকটি ছবি মেহেরপুর প্রতিদিনে পৌছানো হয়েছে। পুস্পমাল্যের একটিতে লেখা রয়েছে মহান বিজয় দিবসের শ্রদ্ধাঞ্জলি শেখ হাসিনার পক্ষে, অপরটিতে লেখা রয়েছে মহান বিজয় দিবসের শ্রদ্ধাঞ্জলি মেহেরপুর আওয়ামী যুবলীগের পক্ষে। এর বেশি কিছু জানা যায়নি।

মুজিবনগরে মহান বিজয় দিবসে বিএনপির শ্রদ্ধাঞ্জলি

মুজিবনগরে মহান বিজয় দিবস উপলক্ষে মুজিবনগর স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন বিএনপির নেতা কর্মীরা।

সোমবার সকালে মেহেরপুর জেলা বিএনপির ১নং যুগ্ন আহবায়ক ও উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলামের নেতৃত্বে বিএনপির নেতাকর্মীরা শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

এসময় উপজেলা বিএনপি, উপজেলা যুবদল, সেচ্ছাসেবকদল,কৃষকদল,

ছাত্রদলসহ বিএনপির অংগসংগঠনের নেতাকর্মীবৃন্দ বিজয় র্যালি সহকারে মুজিবনগর মুক্তিযুদ্ধ কমপ্লেক্স স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পন করে মুক্তিযুদ্ধ সহ সকল শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলী নিবেদন করেছেন।

অন্যদের মধ্যে বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক, সাইফুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদ,উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক, সিরাজুল ইসলাম,সেচ্ছাসেবক নেতা জেমস,মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহবায়ক ফাহিম আহনাফ লিংকন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব আজিজুর রহমান আফিরুল, উপজেলা জাসাস এর সভাপতি হেলাল খানসহ উপজেলা বিএনপি যুবদল কৃষক দল স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীবৃন্দ।

মুজিবনগরে মহান বিজয় দিবস উদযাপন

মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে মুজিবনগর উপজেলা প্রশাসনের দিনব্যাপী আয়োজনের প্রথম অংশে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে ৩১ বার তোপধ্বনীর মধ্য দিয়ে দিবসটির শুভ সূচনা করা হয়। এরপর মহান মুক্তিযুদ্ধসহ সকল শহীদদের সম্মান জানাতে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স এ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

পুষ্পস্তবক অর্পণ করেন উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, মুজিবনগর থানার ওসি মিজানুর রহমান, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, মুক্তিযুদ্ধ সন্তান কমান্ড, আনসার ও ভিডিপি, টুরিস্ট পুলিশ, মুজিবনগর প্রেসক্লাব, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উপজেলা টেকনিক্যাল কলেজ, বাগোয়ান ইউনিয়ন পরিষদ।

পুষ্পস্তবক অর্পণ শেষে স্মৃতিসৌধ প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এ সময় বাংলাদেশ পুলিশ, আনসার ব্যাটালিয়ন ফায়ার

সার্ভিস ও সিভিল ডিফেন্স ও আনসার ভিডিপি চৌকস দল উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম ও মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমানকে গার্ড অফ অনার প্রদান করেন।

বিজয় দিবস উদযাপনের দ্বিতীয় অংশে বেলা ১১ টার সময় উপজেলা পরিষদ চত্বরে বিজয় মেলা উদ্বোধন এবং বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করা হবে। বিকেলে প্রীতি ফুটবল ম্যাচ ও বিজয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ শনিবার (১৬ ডিসেম্বর) সন্ধ্যা ৭ টার সময় জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ সাংস্কৃতিক অনুষ্ঠানে আয়োজন করা হয়।

জেলা প্রশাসক মোঃ শামীম হাসান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন। এসময় স্থানীয় সরকার বিভাগের উপ পরিচালক মোঃ শামীম হোসেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তানভীর আহমেদ রুমন,লিউজা-উল জান্নাহ,টিটিসি’র অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার,জেলা শিল্পকলা একাডেমী সাধারণ সম্পাদক সাইদুর রহমান,সহ-সভাপতি নুরুল আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে জেলা শিল্পকলা একাডেমী শিল্পীবৃন্দ সঙ্গীত,নৃত্য ও আবৃত্তি পরিবেশন করে অতিথি ও দর্শকদের মন জয় করে।

মহান বিজয় দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা স্টেডিয়ামে কুচকাওয়াজ অনুষ্ঠিত

মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়াম মাঠে সকাল আটটার সময় আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন, কবুতর অবমুক্ত ও আকাশে ফেস্টুন ব্যানার উড্ডয়ন করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার ড. কিসিঞ্জার চাকমা ও চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা।

বিজয় দিবসের প্যারেড অধিনায়ক আর আই পুলিশ লাইন্স মোঃ আমিনুল ইসলামের নেতৃত্বে বাংলাদেশ পুলিশ, আনসার-ভিডিপি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কারারক্ষী, বিএনসিসি, সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান, রোভার স্কাউট, গালর্স-ইন-স্কাউটিং, বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠান কর্তৃক মনোজ্ঞ কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়।

কুচকাওয়াজ অনুষ্ঠান শেষে বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে স্বাধীনতা সংগ্রামের ঘটনা প্রবাহের উপর মনমুগ্ধকর শরীরচর্চা প্রদর্শনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার প্রদান করা হয়।

আলমডাঙ্গয় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

আলমডাঙ্গায় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত।১৬ ডিসেম্বর শনিবার সুর্যদয়ের সাথে সাথে ৩১বার তোপধ্বনির মধ্য দিয়ে দিনের শুভ সূচনা হয়।

ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, সাবেক জেলা আওয়ামী লীগের সদস্য বীর মুক্তিযোদ্ধা হেলাল উদ্দিন, শাহ আলম, সিরাজুল ইসলাম,কাজী অরুন, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন,সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক,উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি শিক্ষানুরাগী আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা,,সাবেক সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান,পৌর যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা ছাত্রলীগের সভাপতি ভাইস চেয়ারম্যান এডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, ইউপি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু,মাহমুদুল হাসান চঞ্চল, নজরুল ইসলাম, আশিকুর রহমান ওল্টু, উপজেলা আওয়ামী লীগের সাবেক উপ-প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, বীর মুক্তিযোদ্ধা দিদার আলী,মহিলা আওয়ামীলীগের সাহিদা ইসলাম, প্রমুখ। বিজয় র্যালীতে উপজেলা ও পৌর আওয়ামীলীগসহ অঙ্গ সংঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।এ ছাড়াও আলমডাঙ্গা সরকারি কলেজ মহান বিজয় দিবস উপলক্ষে আলোচনা সভা পুরস্কার বিতরন ও বীর মুক্তিযোদ্ধা ডাঃ শাহাবুদ্দিন কে সংবর্ধনা প্রদান করেন।অনুষ্টানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড, আব্দুর রকীব,প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ডাঃ শাহাব।

দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপন

দামুড়হুদায় বর্ণিল আলোকসজ্জা ও বিভিন্ন আয়োজনে দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে মহান বিজয় দিবস উদযাপিত হয়েছে।

আজ শনিবার সকাল ৬ টা ৩০ মিনিটে ৩১ বার তোপধ্বনীর মধ্য দিযে দামুড়হুদা উপজেলা পরিষদের বঙ্গবন্ধু চত্ত্বরে উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, উপজেলা আওয়ামী লীগের অঙ্গ ও সহযোগী সংগঠন, পুলিশ, আনসার, ফায়ার সার্ভিস সহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, প্রেস ক্লাব, সাংস্কৃতিক, ক্রীড়া সংগঠনের পক্ষ হতে পুষ্পস্তবক অর্পণ এর মাধ্যমে জাতির সূর্য সন্তানদের শ্রদ্ধা নিবেদন করা হয়।

৮ টায় উপজেলার আটকবর স্মৃতিসৌধে পুষ্পস্তাবক অর্পণ করেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবির, দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহসহ উপজেলার সকল অফিসার ও কর্মচারীবৃন্দ।

তারপর সকাল সাড়ে ৯ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় বর্ণাঢ্য মার্চপাস্ট,শিশু কিশোর সমাবেশ,কুচকাওয়াজ, মুক্তিযোদ্ধা সংবর্ধনা, ক্রীড়া প্রতিযোগিতা, এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান। এইসময় শান্তির কপোত পায়রা এবং বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

পুলিশ, আনসার, ও গার্লস গাইড সহ উপজেলার বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা এই কুচকাওয়াজে অংশ নেন।

দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু ও উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দর্শনা ও দামুড়হুদা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহ, আলমগীর কবিরসহ কুচকাওয়াজ পরিদর্শন করেন এবং সালাম গ্রহণ করেন। এই সময় সাংবাদিক, মুক্তিযোদ্ধা, সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, শিক্ষক শিক্ষার্থী সহ সর্বস্তরের জনগন উপস্থিত ছিলেন।

মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

১৬ ই ডিসেম্বর বাঙালি জাতির মুক্তির দিন বিজয়ের দিন মহান বিজয় দিবস।। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আহবানে সাড়া দিয়ে সমগ্র বাঙালী জাতি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন এবং দীর্ঘ ৯ মাস সশস্ত্র যুদ্ধে সীমাহীন ত্যাগ এবং অসীম বীরত্ব প্রদর্শন করে

সঙ্গীতের তালে তালে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন পরে বীর মুক্তিযোদ্ধা, পুলিশ, সিভিল ডিফেন্স, বিএনসিসি, আনসার ও ভিডিপি, বাংলাদেশ স্কাউটস, রোভার স্কাউটস, কাব, গার্লস গাইড, স্কুল কলেজের ছাত্র-ছাত্রীরা কুচকাওয়াজ প্রদর্শন করেন।

কুচকাওয়াজ শেষে ফুলের ছাত্র-ছাত্রীদের মনোমুগ্ধকর ডিসপ্লে প্রদর্শন অনুষ্ঠিত হয় শেষে পুরস্কার বিতরণী এবং বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা এবং ‘জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার’ শীর্ষক আলোচনা জাতির শান্তি, অগ্রগতি এবং মুক্তিযুদ্ধে শহিদদের আত্মার শান্তি কামনায় মসজিদে দোয়া এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে প্রার্থনা উপজেলার সকল এতিমখানা ও হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশন।

প্রীতি ফুটবল ম্যাচ, সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে শেষ হয়ে বাঙালি জাতির বিজয়ের দিন মুক্তির দিন ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন।

দর্শনায় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

বিজয়ের লাল ছুঁয়ে যাক সুবুজে এ স্লোগানকে সামনে রেখে বিজয়ের ৫২ বছরে আমাদের যা কিছু অর্জন বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এবং আওয়ামী লীগের হাত ধরেই হয়েছে বাঙ্গালি জাতি, এ উপলক্ষে দর্শনায় যথাযোগ্য মর্যদায় নানা আয়োজনে মহান বিজয় দিবস পালিত হয়েছে।

এ উপলক্ষে দর্শনা পৌরসভার আয়োজনে দর্শনা রেল বাজার বঙ্গবন্ধু চত্তরে জাতীয় পতাকা দলীয় পতকা ও মুক্তিযোদ্ধা পতকা উত্তোলন করেন,চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর ও বীর মুক্তিযোদ্ধা পৌর আওয়ামীলীগের সভাপতি রুস্তম আলী,ও দলীয় নেতাকর্মীরা।তারপর দলীয় নেতাকর্মীদের সাথে নিয়ে দর্শনা কেরুজ

বাজার মাঠে উপস্থিত হয়।

দর্শনা পৌর আওয়ামীলীগের উদ্দগে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী-বেসরকারী সংস্থা, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন, থিয়েটার গ্রুপ ও পেশাজীবি ২৮টি সংগঠন দর্শনা কেরু চিনিকলের ফুটবল মাঠে বিজয় দিবসের নানা কর্মসুচি পালন করেছেন।

এসব কর্মসূচির মধ্যে ছিলো, সকাল সাড়ে ৮টায় দর্শনা কেরু চিনিকলের ফুটবল মাঠে নিজ নিজ সংগঠনের ব্যানার নিয়ে উপস্থিতি।শনিবার ১৬ ডিসেম্বর সকাল ৯টায় জাতীয় সংগীতের সাথে সাথে জাতীয় পতাকা ও মুক্তিযুদ্ধের পতাকা উত্তোলন। জাতির জনক বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পন। উপস্থিত বীর মুক্তিযোদ্ধাদের ফুলেল শুভেচ্ছা প্রদান। এরপর উপস্থিত সকল সংগঠনের সদস্যদের শফত বাক্য পাঠ করান চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য বর্তমান নৌকার মনোনীত প্রার্থী হাজী আলী আজগার টগর। শফত বাক্য পাঠ শেষে প্রত্যেক সংগঠন এক সাথে র্যালী করে দর্শনা চটকাতলা কামকমিউনিটি সেন্টার চত্বরে মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভে পর্যায়ক্রমে সংগঠনগুলা পুস্পমাল্য অর্পন করে।

এসব সংগঠনের মধ্যে ছিলো দর্শনা পৌরসভা, দর্শনা মুক্তিযোদ্ধা সংসদ, ওয়েভ ফাউন্ডেশন, দর্শনা অনিবার্ণ থিয়েটার, দর্শনা প্রেসক্লাব, দর্শনা সরকারী কলেজ, দর্শনা রিক্সা ও ভ্যান শ্রমিক ইউনিয়ন, চুয়াডাঙ্গা আন্তঃ ট্রাংকলরী শ্রমিক ইউনিয়ন, মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়, হিন্দোল সংগীত পরিষদ, দর্শনা গণ-উন্নয়ন গ্রন্থাগার, শান্তি নগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, শ্যামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, পরাণপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, দর্শনা ডি এস ফাযিল ডিগ্রী মাদ্রাসা, দর্শনা দক্ষিন চাঁদপুর মাধ্যামিক বিদ্যালয়, দর্শনা বালিকা মাধ্যমিক বিদ্যালয়, মাথাভাঙ্গা যুব সংঘ, পশ্চিম রামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, দক্ষিন চাঁদপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, মৌচাক সামাজিক উন্নয়ন সংস্থা, উপজেলা হিন্দু,বৈাদ্ধ ও খৃষ্টান ঐক্য পরিষদ। সকল অনুষ্ঠান পরিচালনা করেন, দর্শনা পৌর আওয়ামীলীগের যুগ্ন সম্পাদক মেয়র গোলাম ফারক আরিফ।

অপরদিকে দর্শনা কেরুজ চিনিকল কমান্ড পৃথক ভাবে পালন করেছে মহান বিজয় দিবস। সকালে কেরুজ ক্লাবমাঠে জাতীয় ও মুক্তিযোদ্ধা পতাকা উত্তোলন, কেরুজ শ্রমিক ইউনিয়ন সংলগ্ন শহীদ বেদীতে পুষ্পস্তম্ভক অর্পন করেন, কেরু এ্যান্ড কোম্পানীর পক্ষেবাংলাদেশ চিনি ও খাদ্য

শিল্প করর্পোরেশনের চেয়ারম্যান শেখ শোয়েবুল আলম এনডিসি ও প্রতিষ্ঠানের ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন, কেরুজ প্রশাসন বিভাগের এডিএম ইউসুফ আলী, মহাব্যাবস্থাপক অর্থ গোলাম জাকারিয়া, কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের পক্ষে সভাপতি ফিরোজ আহম্মেদ ও সাধারন সম্পাদক মাসুদুর রহমান, সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, সহ-সম্পাদক খবির উদ্দিন, কেরুজ উচ্চ বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রহিম, সহকারী শিক্ষকবৃন্দরা উপস্থিত ছিলেন।তার আগে ফিরোজ আহম্মেদ সবুজ সংগঠন ও মাসুদ সংগঠন ও সৌমিক হাসান রুপমের নেতৃত্বে শ্রমিক কর্মচারীদের নিয়ে দর্শনার শহরে র‍্যালি প্রদিক্ষন করে।র‍্যালি শেষে মাসুদ সংগঠনের পক্ষ থেকে কাঙ্গালী ভোজ অনুষ্ঠিত হয়।

দেশ স্বাধীনতা লাভের বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা সহ সংক্ষিপ্ত আলোচনার করা হয়। এছাড়াও দিনব্যাপী ব্যাপক কর্মসূচির মধ্যদিয়ে দিবসটি উদযাপন করা হয়েছে।

কর্মসূচির মধ্যে রাত ১২টা ১ মিনিটে চিনিকল মুক্তিযোদ্ধা কমান্ড ও শ্রমিক কর্মচারী ইউনিয়নের তোপধ্বনী, বিদ্যালয় ছাত্র-ছাত্রীদের মিষ্টি বিতরণ, মসজিদ, গীর্জা ও মুন্দিরে প্রার্থনা, হাসপাতাল রোগীদের ফলমূল বিতরণ, চিনিকল কর্মকর্তা, শ্রমিক-কর্মচারী ও মুক্তিযোদ্ধাদের মধ্যে প্রীতি ভলিবল প্রতিযোগীতা সহ বিভিন্ন প্রতিযোগীতা ও পুরুস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

এছাড়া বিজয় দিবসে কেরুজ জেনারেল অফিস, ডিষ্টিলারী কারখানা, কেরুজ ক্লাব ও ইউনিয়ন অফিস আলোকসজ্জা করা হয়েছে। সবশেষে সন্ধায় কেরুজ ক্লাব মাঠে সাংস্কৃতিক সন্ধার আয়োজন করা হয়।

---

# আমঝুপিতে মহান বিজয় দিবস উদযাপন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে মহান বিজয় দিবস পালন করা হয়েছে। আজ সকাল ৮টার সময় আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগ দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে মহান বিজয়

দিবস পালন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওমী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান মোঃ বোরহান উদ্দিন আহাম্মেদ (চুন্নু), আমঝুপি ইউনিয়নের সভাপতি ও মুক্তিযোদ্ধা মোঃ মতিউর রহমান, আমঝুপি ইউনিয়ন সাধারণ সম্পাদক মোঃ আনোয়ার সাদাত, আমঝুপি ইউনিয়ন কৃষক লীগ সভাপতি মোঃ মহাবুল হক, আমঝুপি ইউনিয়ন সেচ্ছাসেবক লীগের সভাপতি মোঃ মিনারুল ইসলাম, ৪নং ওয়ার্ডের সভাপতি মোঃ আসাদুল হক মন্টু ও সাধারণ সম্পাদক মোঃ খাইরুল আলম টুটুল।

এর আগে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের জাতীয় পতাকা উত্তলন করেন প্রধান শিক্ষক মোঃ রুহুল আমিন ও সহকারী প্রধান শিক্ষক মোঃ হাফিজুজ্জামান।

পরে সকাল ৮ টার সময় বিদ্যালয়ের ছাত্রী ও শিক্ষক ও কর্মচারী সহ আমঝুপি- চুয়াডাঙ্গা সড়কে একটি র্যালী বের করে র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে বিদ্যালয়ে এসে শেষ হয়।

এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ আবুল হাসান, মোঃ বছির আহম্মেদ, মোঃ রাফিউল ইসলাম, মোঃ আসাদুল হক, মোঃ হাবিবুর রহমান, মোঃ ফারাহ হোসেন লিটন, মোঃ আলহাজ্ব হোসেন, মোছাঃ সাহেদা বানু, মোছাঃ নার্গিস চৌধুরী, মোছাঃ শাহানাজ খাতুন।

এ ছাড়াও আমঝুপি বি,এ,ডি,সিতে জাতীয় পতাকা উত্তোলন করেন ডাল ও তৈল প্রকৃয়াজাত করন কেন্দ্রের উপ-পরিচালক মোঃ জিয়াউর রহমান ও আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে পতাকা উত্তোলন করেন প্রধান শিক্ষক মোঃ আহাম্মদ আলী, সহাকারী প্রধান শিক্ষক মোঃ কামরুজ্জদোজা পরাগসহ বিদ্যালয়ের সহকারী শিক্ষক, কর্মচারী, ছাত্র-ছাত্রীরা।